

বোধপরীক্ষণ:-হেড অফিসের বড়বাবু লোকটি বড় শান্ত তার যে এমন মাথার ব্যামো কেউ কখনো জানতো ?

দিব্যি ছিলেন খোশমেজাজে চেয়ারখানি চেপে একলা বসে ঝিমঝিমিয়ে হঠাৎ গেলেন ক্ষেপে

আঁতকে উঠে হাত পা ছুঁড়ে চোখটি করে গোল

হঠাৎ বলেন গেলুম গেলুম আমায় ধরে তোল

তাই শুনে কেউ বদ্যি ডাকে কেউ বা হাঁকে পুলিশ

কেউ বা বলে কামড়ে দেবে সাবধানে তে তুলিস

ব্যস্ত সবাই এদিক ওদিক করছে ঘোরাঘুরি

বাবু হাঁকেন ওরে আমার গৌঁফ গিয়েছে চুরি

গৌঁফ হারানো আজব কথা তাও কী হয় সত্যি

গৌঁফ জোড়া তো তেমনি আছে কেমনি একরত্তি

সবাই তাকে বুঝিয়ে বলে

সামনে ধরে আয়না

মোটেও গৌঁফ হয়নি চুরি

কক্ষণো তার হয়না

রেগে আগুন, তেলে বেগুন তেড়ে বলেন তিনি

কারো কথার ধারিনে সব ব্যাটাকেই

চিনি।

বিষয় গত প্রশ্ন:-১হেড অফিসের বড়বাবু লোকটি স্বভাবে কেমন ছিল?২তিনি কোথায় বসে ছিলেন?

৩সবাই বদ্যি ডাকছিল কেন?৪বাবু সকলের কাছে কী বলে আক্ষেপ করছিলেন?

ব্যাকরণ গত প্রশ্ন:-আয়না শব্দ টিকে বাক্যে প্রয়োগ কর।